

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”



বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, নভেম্বর ১৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[ মূল্য সংযোজন কর ]

বিশেষ আদেশ

তারিখ : ০৯ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ / ২৫ অক্টোবর, ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয় : বাংলাদেশ একাডেমি অব সাইন্স কর্তৃক গবেষক, বিজ্ঞানী এবং একাডেমিক সম্প্রদায়ের  
ব্যবহারের জন্য ইলেক্ট্রনিক অনলাইন জার্নাল এবং ডাটাবেসের সাবস্ক্রিপশনের উপর মূল্য  
সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান।

নং ২০/মুসক/২০২০।—যেহেতু, বাংলাদেশ একাডেমি অব সাইন্স একটি অলাভজনক  
গবেষণামূলক প্রতিষ্ঠান কর্তৃক অনলাইনে বাংলাদেশের ভৌগলিক সীমারেখার বাহির হইতে  
আমদানিকৃত অনলাইন ইলেক্ট্রনিক জার্নাল, অনলাইন ইলেক্ট্রনিক বুক এবং অনলাইন ইলেক্ট্রনিক  
ডাটাবেজ এক্সেস সংক্রান্ত সেবার উপর মূল্য সংযোজন কর অব্যাহতি কামনা করা হইয়াছে; এবং

যেহেতু, বাংলাদেশ একাডেমি অব সাইন্স হইতে দেশের গবেষক, বিজ্ঞানীগণ সহায়তা পাইয়া  
থাকেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয়, বুয়েট, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, নর্থ  
সাইথ ইউনিভার্সিটি, ব্রাক ইউনিভার্সিটি, আইসিডিআরবি ইত্যাদি উক্ত প্রতিষ্ঠানের সক্রিয় সদস্য;

( ১১৬৯৯ )

মূল্য : টাকা ৪.০০

সেহেতু, সরকারের অনুমোদনক্রমে জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ একাডেমি অব সাইন্স কর্তৃক অনলাইনে বাংলাদেশের ভৌগলিক সীমারেখার বাহির হইতে আমদানিকৃত অনলাইন ইলেক্ট্রনিক জার্নাল, অনলাইন ইলেক্ট্রনিক বুক এবং অনলাইন ইলেক্ট্রনিক ডাটাবেজ এক্সেস সংক্রান্ত সেবামূল্যের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর হইতে এতদ্বারা প্রদান অব্যাহতি করিল। এই অব্যাহতির মেয়াদ ৩০ জুন, ২০২১ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলৱৎ থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**কাজী ফরিদ উদ্দিন**  
প্রথম সচিব (মুসক নীতি)।